শৈলকুপায় খাল থেকে প্রতিবন্ধী নারীর লাশ উদ্ধার

ঝিনাইদহের শৈলকুপায় উপজেলার সাতগাছি গ্রামের খাল থেকে রঙ্গ খাতুন
(৩৫) নামের প্রতিবন্ধী নারীর লাশ উদ্ধার করা হয়েছে।

সোমবার (১০ আগষ্ট) সকালে শৈলকুপা-কাতলাগাড়ী সড়কের সাতগাছি মসজিদের পাশের ব্রীজের নীচ থেকে তার লাশ উদ্ধার করা হয়। রঙ্গ খাতুন সাতগাছী গ্রামের ইসমাইল মন্ডলের মেয়ে। সে কিছুটা বুদ্ধি ও দৃষ্টি প্রতিবন্ধী।

শৈলকুপা থানার ওসি হুমায়ুন কবির মোল্লা জানান, রোববার সকালে রঙ্গ খাতুন বাড়ি থেকে বের হয়। এরপর থেকে নিখোঁজ ছিলেন তিনি।

সোমবার সকালে বাড়ির পাশের একটি খালের ব্রীজের নীচে তার লাশ ভাসতে দেখে পুলিশে খবর দেয় এলাকাবাসী। পরে পুলিশ এসে লাশ উদ্ধার করে। পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ না থাকায় মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

ঝিনাইদহে হোটেল শ্রমিক যুবতীর লাশ উদ্ধার

ঝিনাইদহ শহরের পাগলাকানাই এলাকার সাদাতিয়া সড়কের একটি ভাড়া বাসা থেকে খুশি খাতুন (১৯) নামের এক হোটেল কর্মচারী যুবতীর লাশ উদ্ধার করেছে পুলিশ।

বুধবার (১৩ মে) সকালে তালাবদ্ধ ঘর থেকে লাশ উদ্ধার করা হয়। নিহত খুশি খাতুন সাতক্ষীরার আশাশুনি উপজেলার বাসিন্দা। সে পাগলাকানাই মোড়ের আন্তরিক হোটেল (সাবুর হোটেল নামে পরিচিত)’এ কাজ করতেন।

ভাড়া বাসার মালিক বেবি খাতুন জানান, গত ১ সপ্তাহ আগে এই বাসা ভাড়া নেন খুশি খাতুন। সোহাগ হোসেন নামের রিক্সা চালক তার

স্বামী বলে দাবী করেন খুশি। মঙ্গলবার রাত ১০ টার দিকে হোটেল থেকে কাজ শেষে স্বামীর সাথে বাসায় আসে। সকালে অনেক বেলা হলেও খুশি বের না হলে প্রতিবেশীরা ঘরে গিয়ে দেখতে পান বাইরে থেকে ছিটকিনি লাগানো আর পেছনের দরজা খোলা।

তারা দরজা খুলে দেখতে পায় খুশির লাশ বিছানায় পড়ে আছে। পরে পুলিশে খবর দিয়ে তারা লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠায়। গলায় ওড়না পেচিয়ে শ্বাসরোধ করে হত্যা করে স্বামী পালিয়ে যায় বলে ধারনা করছে পুলিশ ও স্থানীয়রা।

ঝিনাইদহ সদর থানার ওসি আসাদউজ্জামান বলেন, লাশ উদ্ধার করে ময়নাতদেন্তর জন্য মর্গে পাঠানো হয়েছে। হত্যার সাথে জড়িতদের শনাক্ত করে দ্রুতই আইনের আওতায় আনা হবে।

দামুড়হুদায় ডোবা পুকুর থেকে বৃদ্ধের লাশ উদ্ধার

দামুড়হুদা উপজেলা গেটসংলগ্ন লিটনের হোটেলের পেছনের একটি ডোবা পুকুরে অজ্ঞাত এক ব্যক্তির লাশ পড়ে থাকতে দেখে স্থানীয়দের মধ্যে চাঞ্চল্যের সৃষ্টি হয়।

আজ বুধবার সকাল আনুমানিক ১০টার দিকে বিষয়টি নজরে এলে সেখানে জনতার ভিড় জমে। সংবাদ পেয়ে দামুড়হুদা মডেল থানার পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে ফায়ার সার্ভিসের সহযোগিতায় লাশ উদ্ধার করে। পরে পুলিশ নিহত ব্যক্তির পরিচয় নিশ্চিত করে।

নিহত ব্যক্তি দামুড়হুদা সদর ইউনিয়নের বদনপুর গ্রামের মৃত বিশারত আলীর ছেলে মো. কামাল উদ্দিন (৭৫)। তিনি দীর্ঘদিন দামুড়হুদা উপজেলা শিক্ষা অফিসে পিয়ন হিসেবে কর্মরত ছিলেন এবং প্রায় ১৪-১৫ বছর আগে চাকরি থেকে অবসর গ্রহণ করেন।

পারিবারিক সূত্রে জানা যায়, অবসরের পর থেকেই তার মানসিক সমস্যার সৃষ্টি হয়। মাঝে মাঝে তিনি বাড়ি থেকে বের হয়ে যেতেন এবং ২-৫ দিন

দর্শনায় শয়নকক্ষ থেকে যুবকের লাশ উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনা থানাধীন প্রতাপপুর গ্রামে নিজ শয়নকক্ষ থেকে বাবু (৩৮) নামের এক যুবকের লাশ উদ্ধার করেছে দর্শনা ও ঝিনাইদহ পিআইবির একটি টিম।

আজ রবিবার সকাল ১০টার দিকে দর্শনা থানা পুলিশ তার লাশ উদ্ধার করে। নিহত বাবুল আক্তার দর্শনা থানার কুড়ালগাছি ইউনিয়নের প্রতাপপুর গ্রামের তাজুল ইসলামের ছেলে।

পুলিশ ও পারিবারিক সূত্রে জানা যায়, গত শনিবার রাত সাড়ে ৮টার দিকে বাবু খাওয়া-দাওয়া শেষ করে নিজ শয়নকক্ষে ঘুমাতে যান।এরপর আজ রবিবার ভোরে বাবা-মা তার শয়নকক্ষে গিয়ে দেখেন, তিনি মৃত্যুবরণ করেছেন। তার পিঠে একটি ক্ষতচিহ্ন রয়েছে। এরপর অজ্ঞাতনামা এক ব্যক্তি ট্রিপল নাইন (৯৯৯) ফোন করলে দর্শনা থানা পুলিশ সকালে ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করে। পরে বিকাল সাড়ে ৩টার দিকে ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শহীদ তিতুমীর ঘটনাটির সত্যতা নিশ্চিত করে জানান, এটি হত্যা নাকি স্বাভাবিক মৃত্যু তা এখনও জানা যায়নি। ময়নাতদন্তের পরে প্রকৃত কারণ জানা যাবে।